নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলাসমূহ মনিটরিং, নারী ও শিশু পাচার রোধে ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন এবং ভিকটিম উদ্ধার ও পুনর্বাসন সংক্রান্ত মনিটরিং কমিটির মে, ২০১৯ মাসের ২য় পাক্ষিক সভার কার্যবিবরণী:

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের অফিস কক্ষ, জয়পুরহাট
তারিখ: ১০/০৬/২০১৯ খ্রি.
সময়: সকাল ০৯.৫০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্য পক্ষে নারী ও শিশু নির্যাতন এবং পাচার সংক্রান্ত কোন আবেদন পাওয়া যায়নি মর্মে উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট সভাকে জানান। সংশ্লিষ্ট বিষয়ে উন্মুক্ত আলোচনায় তিনি বলেন, যৌন হয়রানি, যৌতুক, বাল্যবিবাহসহ নারী ও শিশু নির্যাতন ও পাচার রোধে জনসচেতনতামূলক কার্যক্রম, উঠান-বৈঠক এবং প্রচার-প্রচারণা চলমান রয়েছে। বিস্তারিত আলোচনা অন্তে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নারী শিক্ষার প্রসার ও বাল্য বিবাহ নিরোধসহ সচেতনতা সৃষ্টির প্রতি সভায় গুরুত্ব আরোপ করা হয়। যৌন হয়রানি এবং বাল্যবিবাহ বন্ধে জিরো টলারেন্স নিয়ে কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন এনজিওকে সম্পৃক্ত করে প্রতিটি ইউনিয়নে মোটিভেশনাল কার্যক্রম পরিচালনা করতে হবে। এছাড়া নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন মামলা দায়ের হলে অধিক গুরুত্ব দিয়ে মামলা পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানানো হয়। সার্বিক বিষয়ে উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাটকে সমন্বিতভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। মোটিভেশনাল কার্যক্রম আরও গতিশীল করতে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তরকে সম্পৃক্ত করে এনজিওসমূহের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১। নারী ও শিশু পাচার সংক্রান্ত বিচারাধীন মামলার বর্তমান অবস্থা পর্যালোচনা: (মে, ২০১৯ মাসের ১ম পক্ষের তথ্য)

ক্রম	মামলা নং ও ধারা	আসামী ও ভিকটিমের তথ্যাদি	গত তারিখের মামলার কার্যক্রম	আগামী তারিখের কার্যক্রম
-	-	-	-	-

উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনা অন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
মামলার সাক্ষ্য গ্রহণ	নারী ও শিশু নির্যাতন এবং পাচার সংক্রান্ত মামলা দায়ের হলে রাষ্ট্রপক্ষে অধিক গুরুত্ব দিয়ে মামলা পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার, জয়পুরহাট ২। বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট

২। নতুন মামলা দায়ের ও ভিকটিম উদ্ধারঃ

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নারী ও শিশু পাচার সংক্রান্ত মামলা দায়ের এবং ভিকটিম উদ্ধার	ক) নারী ও শিশু নির্যাতন এবং পাচার সংক্রান্ত কোন ঘটনার তথ্য পাওয়া মাত্র ভিকটিমকে দ্রুত উদ্ধারপূর্বক তার চিকিৎসা ও পুনর্বাসনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) এ সংক্রান্ত কোন ঘটনা প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সতর্কতা ও নজরদারি অব্যাহত রাখতে হবে। গ) গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কিশোরী ক্লাব এবং বিভিন্ন এনজিওকে সম্পৃক্ত করে প্রতিটি ইউনিয়নে সভাকরণসহ শিক্ষা প্রতিষ্ঠানে মোটিভেশনাল কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) অধিনায়ক, ২০বিজিবি, জয়পুরহাট ৩) সিভিল সার্জন, জয়পুরহাট ৪) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট ৫) বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০০৬.১৯-৮৮৫ তারিখ: ০৪/০৭/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

৫। পুলিশ সুপার, জয়পুরহাট।
৬। অধিনায়ক, ২০ বডার্র গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট।
৭। জেলা কমান্ড্যাণ্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট।
৮। উপ-পরিচালক, জেলা সমাজ সেবা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট।
৯। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট।
১০। বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট।
১১। নির্বাহী পরিচালক, এইচপিডিও, জয়পুরহাট।
১২। নিবার্হী পরিচালক, নবদিগন্ত মহিলা উন্নয়ন সংস্থা, জয়পুরহাট।

(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৫২
ফ্যাক্স: (+৮৮)০৫৭১-৬২৫৪৬
admjoypurhat@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট "ক"(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পুলিশ সুপার, জয়পুরহাট
২। অধিনায়ক, ২০ বডার্র গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট
৩। জেলা কমান্ড্যাণ্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট
৪। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট
৫। উপ-পরিচালক, জেলা সমাজ সেবা অধিদপ্তর, জয়পুরহাট
৬। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
৭। নিবার্হী পরিচালক, এইচপিডিও, খঞ্জনপুর, জয়পুরহাট

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট "খ"

১। বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট
২। নিবার্হী পরিচালক, নবদিগন্ত মহিলা উন্নয়ন সংস্থা, জয়পুরহাট